দৈনিক
আমাদেরসময়

তারিখ ... 12 JUL 2016 ...
পৃষ্ঠা ...৩...২... কলাম ...৬...

# জঙ্গি ইস্যুতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বৈঠক ১৭ জুলাই

নিজস্ব প্রতিবেদক ● দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক ডেকেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ১৭ জুলাই সকাল সাড়ে ১০টায় রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে ওই বৈঠক অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) একেএম শহীদুল হকসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর শীর্ষ কর্মকর্তাদেরও ওই সভায় উপস্থিত থাকার কথা রয়েছে। সম্প্রতি জঙ্গি কর্মকাণ্ডের সঙ্গে বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জড়িত থাকার নিত্যনতুন তথ্য আসার পরিপ্রেক্ষিতে এই বৈঠক ডাকা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী গতকাল বিকালে সচিবালয়ে শিক্ষামন্ত্রীর দপ্তরে গিয়ে শিক্ষামন্ত্রীকে সভার বিষয়ে অবহিত করেন। ঢাকা মহানগর পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া ছাড়াও কয়েক পুলিশ কর্মকর্তা এ সময় তার সঙ্গে ছিলেন।

শিক্ষামন্ত্রী সন্ধ্যায় জানান, স্বরাষ্ট্র ও শিক্ষা এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## জঙ্গি ইস্যুতে

(শেষ পৃষ্ঠার পর) মন্ত্রণালয় মিলেই বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের নিয়ে সভা করা হবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা বলেন, সভায় সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান, উপাচার্য ছাড়াও ছাত্র, শিক্ষক ও অভিভাবক প্রতিনিধিদের রাখা হবে। এ ছাড়া স্কলাস্টিকাসহ কয়েকটি ইংরেজি মাধ্যম শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিদেরও সভায় ডাকা হবে বলে ওই কর্মকর্তা জানান। তিনি বলেন, সব মিলিয়ে ৯০০ জনকে আমন্ত্রণ জানানো হবে।

বর্তমানে দেশে ৯৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সরকারি অনুমোদন রয়েছে। এর মধ্যে ৮০টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এসব বিশ্ববিদ্যালয়ে পড়া উচ্চবিত্ত পরিবারের ছেলেরাও সম্প্রতি বাড়ি থেকে পালিয়ে জঙ্গিবাদে ঝুঁকছে বলে তথ্য আসায় উদ্বেগ তৈরি হয়েছে সরকার ও অভিভাবক মহলে।

গুলশানে ১ জুলাই জঙ্গি হামলার পর সশস্ত্র বাহিনীর অভিযানে নিহত ছয়জনের মধ্যে পাঁচজনের ছবি প্রকাশ করে আইএস। ঈদের দিন কিশোরগঞ্জের শোলাকিয়ায় সন্ত্রাসী হামলার ঘটনায় পুলিশের গুলিতে এক যুবক নিহত হয়। ওই ছয়জনের মধ্যে চারজনই নামকরা ইংরেজি মাধ্যমের স্কুলে লেখাপড়া করেছে। তাদের দুইজন ঢাকার নামি বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটির ছাত্র ছিল। একজন ছিল ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের। এর আগে গণজাগরণ মঞ্চের কর্মী ও ব্লগার আহমেদ রাজীব হায়দার হত্যা মামলায় যে আটজনের সাজার আদেশ হয়েছে, তাদের মধ্যে সাতজনই নর্থ সাউথের শিক্ষার্থী ছিল।